

চন্ডিবরদী ও বাগেরপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ব্যবহার উপযোগী কোন টয়লেট না থাকাতে শিক্ষক ও শিক্ষার্থীদের বিভিন্ন সমস্যার সৃষ্টি হচ্ছে। তাই জরুরী ভিত্তিতে উক্ত বিদ্যালয়ে টয়লেট নির্মাণের ব্যবস্থাকরণের সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৬ নং আলোচনা ও সিদ্ধান্ত ৪:-

এক্ষেত্রে ইদবারদী, বল্লভদী, রাইনাদী-আতাদী, তিলচন্দী, লস্করদী, বাগেরপাড়া, দয়াকান্দা, দড়িবেশন্দী সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বেঞ্চ নির্মাণ সংক্রান্ত বিষয়ে আলোচনার মাধ্যমে বেঞ্চ নির্মাণের জন্য সুপারিশ করা হয়।

৭ নং আলোচনা ও সিদ্ধান্ত ৪:-

এছাড়াও উপজেলা শিক্ষা অফিসার অবহিত করেন যে, ৮৫নং নোয়াপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পিডিইপি-৩ এর ভবন নির্মাণের জন্য মূল ভবনের তিনটি শ্রেণিকক্ষ ভেঙ্গে ফেলা হয়েছে, পুরাতন টিনের ঘরে মাত্র একটি শ্রেণিকক্ষ রয়েছে। ফলে বিদ্যালয়ের শ্রেণি পাঠদান কার্যক্রম ব্যাহত হচ্ছে এবং বার্ষিক পরীক্ষা পরিচালনায়ও সমস্যার সম্মুখীন, এমতাবস্থায় উক্ত বিদ্যালয়ে জরুরী ভিত্তিতে অস্থায়ী শ্রেণি কক্ষ নির্মাণ করা প্রয়োজন। এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

তাছাড়াও শিক্ষা অফিসার জানান যে, অত্র উপজেলার ৪৬টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের জন্য সরকারের পক্ষ থেকে মাল্টিমিডিয়া ও প্রজেক্টর পাওয়া গিয়াছে।

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকল-কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মো: রফিকুল ইসলাম)

সভাপতি

উপজেলা প্রাথমিক শিক্ষা স্থায়ী কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

উপজেলা প্রাথমিক শিক্ষা স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী

স্থানঃ- ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ মহোদয়ের অফিস কক্ষ।
তারিখঃ-০৮.০৬.২০২২ খ্রিঃ সময়ঃ- সকাল ১১.০০ ঘটিকা।

অদ্য ০৮.০৬.২০২২ তারিখ ১১.০০ ঘটিকায় উপজেলা প্রাথমিক শিক্ষা স্থায়ী কমিটির সভা উপজেলা ভাইস চেয়ারম্যান, আড়াইহাজার, নারায়ণগঞ্জ মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মোঃ রফিকুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, আড়াইহাজার, নারায়ণগঞ্জ। সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন এবং আলোচ্যসূচী সভায় উপস্থাপন করার জন্য উপজেলা শিক্ষা অফিসার-কে অনুরোধ করেন।

আলোচ্যসূচীঃ-

- ১। শিশু জরিপ-২০২২ সংক্রান্ত।
- ২। ২০২২ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক বিতরণ সংক্রান্ত।
- ৩। শিশু ঝরে পড়া রোধ সংক্রান্ত।
- ৪। বিবিধ।

১ নং আলোচনা ও সিদ্ধান্তঃ-

উপজেলা শিক্ষা অফিসার সভায় অবহিত করেন যে, ২০২২ সনে আড়াইহাজার উপজেলার ৬-১২ বছর বয়সী শিশুর জরিপকৃত সংখ্যা ৫৬৭৮৪ জন। বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা ৫৬৭২৬ জন। ভর্তির হার ৯৯.৯১%। তন্মধ্যে বিভিন্ন বিদ্যালয়ে ৫৮ জন বিশেষ চাহিদাসম্পন্ন শিশু ভর্তি হয়নি। এ ছাড়াও এ বছর ১১৫ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে প্রাক প্রাথমিক শ্রেণী চালু করা হয়েছে। এতে প্রাথমিক শিক্ষার গুণগত মান আরও উন্নত হবে বলে সভায় অভিমত পোষণ করা হয়।

বিদ্যালয়ে শিশু ভর্তির হার ৯৯.৯১% হওয়ায় সভায় উপজেলা শিক্ষা অফিসার সহ প্রাথমিক শিক্ষা বিভাগ, আড়াইহাজারে কর্মরত সকল কর্মকর্তা, কর্মচারী এবং শিক্ষকগণকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। বিদ্যালয়ে শতভাগ ভর্তি নিশ্চিত করার জন্য উপজেলা টাঙ্ক ফোর্স কমিটির সদস্যগণকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধ জানানো হয়।

২ নং আলোচনা ও সিদ্ধান্তঃ-

উপজেলা শিক্ষা অফিসার জানান যে, ২০২২ সনে পাঠ্য-পুস্তক প্রাপ্তির পরিমাণ ছিল ৩,৩০,০০০০ (তিন লক্ষ ত্রিশ হাজার)। ২০৮ টি বিদ্যালয়ে বিতরণকৃত পাঠ্য-পুস্তকের পরিমাণ ৩,০২৯১০ (তিন লক্ষ দুই হাজার নয়শত দশ)। এছাড়াও প্রাক-প্রাথমিক শিশুদের ২২৫ টি বিদ্যালয়ে ৮৪৩৪ টি বই বিতরণ করা হয়।

৩ নং আলোচনা ও সিদ্ধান্তঃ-

২০২২ সনের শিক্ষার্থী ঝরে পড়ার হার ৮.০১%। উপজেলা শিক্ষা অফিসার জানান যে, আড়াইহাজার উপজেলাটি শিল্পাঞ্চল হওয়ায় শিশুশ্রম পরিলক্ষিত হয়। অনেক শিক্ষার্থীর পিতা-মাতা কলকারখানার শ্রমিক হওয়ায় তাদের সন্তানেরা বিদ্যালয় থেকে ঝরে পড়ে। এছাড়াও শিশু বিবাহ শিক্ষার্থী ঝরে পড়ার অন্যতম কারণ।

ঝরে পড়া রোধকল্পে নিয়মিত মা সমাবেশ করা। অভিভাবক সচেতনতা বৃদ্ধি করা, শিশু বিবাহ রোধকল্পে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা, ধনবান ব্যক্তি কর্তৃক দরিদ্র শিক্ষার্থীদের আর্থিক সহযোগিতা করা।

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকল-কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ রফিকুল ইসলাম)
সভাপতি
উপজেলা প্রাথমিক শিক্ষা স্থায়ী কমিটি
ও ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আড়াইহাজার, নারায়ণগঞ্জ